দৈনিক বাংলা

তারিখ ... 08 MAR 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬ ....

03

# মৃত ও অবসরপ্রাপ্ত কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি

বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ফোর্সের পুলিশ নন-গেজেটেড পার্সোনেলসহ ক্লারিক্যাল স্টাফ এবং সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত হতে বেতন গ্রহণকারী সকল শ্রেণীর মৃত ও অবসরপ্রাপ্ত সরকারী এবং নিম্নবর্ণিত স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের সকল শ্রেণীর মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের (যারা বোর্ড অব ট্রাস্টিজ, সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিল-এর অর্ডিন্যান্স, ১৯৮২ ও ১৯৮৭ সালে সংশোধিত অর্ডিন্যান্স-এর বিধান অনুযায়ী কল্যাণ ভাতা পাওয়ার যোগ্য) সন্তান-সন্ততিগণকে ১৯৯৬-৯৭ অর্থ বছর কল্যাণ তহবিল হতে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য আবেদনপত্র আহবান করা হয়েছে।

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, বাংলাদেশ মেডিক্যাল রিচার্স কাউন্সিল, বাংলাদেশ হোমিপ্যাথিক বোর্ড, বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এ্যাসিসটেন্স সেন্টার (বিটাক), রফতানী উন্নয়ন ব্যুরো, পোর্ট অব মংলা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যা যাদুঘর, ফার্মাসি কাউন্সিল অব বাংলাদেশ, হাউজিং এন্ড বিল্ডিং রিচার্স ইনস্টিটিউট, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, অভ্যন্তরীণ নৌ-পরিবহন (নিয়োগ নিয়ন্ত্রণ) বোর্ড, নিউক্লিয়ার এগ্রিকালচার ইনস্টিটিউট, ক্যাডেট কলেজসমূহ, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ও বাংলাদেশ ট্যারিফ কমিশনের মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রত্যেকের সর্বোচ্চ দুই সন্তানের নামে নবম শ্রেণী হতে তদূর্ধ্ব শ্রেণী বা কোর্সে অধ্যয়নের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হবে।

প্রত্যেক ছাত্র বা ছাত্রীকে বোর্ড অব ট্রাস্টিজ-এর কল্যাণ তহবিলের নির্ধারিত ফরমে শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে ছাত্র বা ছাত্রী যে শ্রেণীতে বা কোর্সে অধ্যয়নরত আছে তার পূর্ববর্তী শ্রেণীর বার্ষিক পরীক্ষার গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত মার্কশীট দাখিল করতে হবে। আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ ও ছাত্রের নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর গ্রহণ করে সংশ্লিষ্ট মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর অফিসের মাধ্যমে একটি ফরওয়ার্ডিং চিঠি মারফত ৩০ এপ্রিল, ৯৭-এর মধ্যে "প্রশাসনিক অফিসার, বোর্ড অব ট্রাস্টিজ, কল্যাণ তহবিল উইং, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০" বরাবরে প্রেরণ করতে হবে। খবর তথ্য বিবরণীর।

উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন শিক্ষাবৃত্তির আবেদনপত্র বিবেচনা করা হবে না। সংশ্লিষ্ট ছাত্র বা ছাত্রী বোর্ড অব ট্রাস্টিজের কল্যাণ তহবিল-এর অফিস হতে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে চার টাকার ডাক-টিকেট সংবলিত ১০"×৫" সাইজের খাম পাঠিয়ে শিক্ষাবৃত্তির ফরম সংগ্রহ করতে পারবে।